4th SEM (HONS)
CC-8.
WESTERN LOGIC-I.

(i) আবর্তন কাকে বলে? (ii) A, E, I, O বচনের আবর্তন উদাহরণ সহকারে আলোচনা কর।

উঃ (i) আবর্তন এক ধরনের অমাধ্যম অনুমান যেখানে সত্যমূল্য অপরিবর্তিত রেখে একটি বচনের উদ্দেশ্য ও বিধেয় পদের পারস্পরিক স্থান পরিবর্তন করে অন্য একটি বচনে উপনীত হওয়া যায়। যে বচনটি দেওয়া থাকে যে বচনকে আবর্তিত করতে হবে তাকে বলে আবর্তনীয়, এবং আবর্তন করে যে বচন পাওয়া যায় অর্থাৎ সিদ্ধান্তকে বলা হয় আবর্তিত। আবর্তনের ক্ষেত্রে আশ্রয়বাক্য অর্থাৎ আবর্তনীয়ের উদ্দেশ্যপদ সিদ্ধান্তে বিধেয় পদ হয় এবং আশ্রয়বাক্যের বিধেয়পদ সিদ্ধান্তের উদ্দেশ্য-পদ হয়। আশ্রয়বাক্য ও সিদ্ধান্তের গুণ এক থাকে এবং যেহেতু আবর্তন অবরোহী অনুমান সেহেতু প্রাপ্ত তথ্যকে অতিক্রম করে যাওয়া চলবে না। এই অর্থে আশ্রয়বাক্যে যে পদ ব্যাপ্য নেই তাকে সিদ্ধান্তে কখনো ব্যাপ্য করা যাবে না।

(ii) আবর্তনীয়: সকল কুকুর হয় চতুষ্পদ প্রাণী (A)
∴ আবর্তিত: কোনো কোনো চতুষ্পদ প্রাণী হয় কুকুর (I)

এখানে উদ্দেশ্য ও বিধেয় স্থান পরিবর্তন করেছে। গুণ এক আছে ও পরিমাণের পরিবর্তন হয়েছে। আশ্রয়বাক্যে যে পদ অব্যাপ্য তা সিদ্ধান্তেও অব্যাপ্য।

আবর্তনীয়: কোন মানুষ নয় দেবতা (E)
∴ আবর্তিত: কোন দেবতা নয় মানুষ (E)

এখানে আবর্তনীয় E বচনের উদ্দেশ্য ও বিধেয় উভয় পদ ব্যাপ্য। উদ্দেশ্য ও বিধেয়ের পারস্পরিক স্থান পরিবর্তনের ফলে ব্যাপ্যতা সম্পর্কিত নিয়ম লঙ্ঘিত হচ্ছে না।

আবর্তনীয়: কোনো কোনো মহিলা হয় কবি (I)
∴ আবর্তিত: কোনো কোনো কবি হয় মহিলা (I)

এখানে আবর্তনীয় I বচনের কোন- বচনেই উদ্দেশ্য ও বিধেয় পদ ব্যাপ্য নয়। স্থান- পরিবর্তনের সময় ব্যাপ্যতা সম্পর্কিত নিয়ম- লঙ্ঘিত হয়নি।

আবর্তনীয় :- কোন কোন প্রাণী নয় কুকুর (O)
∴ আবর্তিত :- কোন কোন কুকুর নয় প্রাণী (O)

এক্ষেত্রে আবর্তনীয় বচন সত্য, কিন্তু আবর্তিত বচনটি অসত্য হয়ে গিয়েছে। সুতরাং O বচনের আবর্তনের বেলায় কোন ক্ষেত্রে আশ্রয়বাক্য ও সিদ্ধান্তে সমতা হয় না। O বচনের আবর্তনে ব্যাপ্যতা সম্পর্কিত নিয়ম লঙ্ঘিত হয়। আশ্রয়বাক্যে অব্যাপ্য উদ্দেশ্য পদটি সিদ্ধান্তে বিধেয় স্থানে ব্যাপ্য হয়। তাই O বচনের আবর্তন সম্ভব নয়।